

নম্বর : ৪৬.০০.৩৫০০.০৪২.১৪.০৬৫.১৯.২১৬১

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮
১৩ অক্টোবর ২০২১

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে গোপালগঞ্জ জেলা পরিষদের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দের আওতায় প্রস্তাবিত স্কিম বাস্তবায়নের অনুমোদন।

সূত্র : জেলা পরিষদ, গোপালগঞ্জ এর স্মারক ৪৬.৪২.৩৫০০.০০০.০১.০০১.২১-৫১৫, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২১-২০২২ অর্থ বছরে গোপালগঞ্জ জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দকৃত ৫.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৩৬টি স্কিম বাস্তবায়নের অনুমোদনের জন্য অনুরোধ জানানো হয়েছে। প্রস্তাবিত স্কিম তালিকার ক্রমিক নং-১২ ও ২২৯ এর নিবন্ধন রয়েছে কিনা, এ সম্পর্কিত তথ্য প্রয়োজন। এছাড়া, ১৭, ৪১, ৭২, ৭৪, ৯৫, ১৪১, ১৪২, ২০২, ২২১ ও ২২৩ এ বর্ণিত স্কিমসমূহ ব্যক্তিকেন্দ্রিক বিধায় হওয়ায় তা পরিবর্তন করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, প্রস্তাবিত স্কিম তালিকার ক্রমিক নং-১২ ও ২২৯ এর নিবন্ধনের স্বপক্ষে তথ্য প্রেরণ এবং স্কিম তালিকার ক্রমিক নং-১৫, ১৭, ৩০, ৪১, ৭২, ৭৪, ৯৫, ১৪১, ১৪২, ২০২, ২২১ ও ২২৩ এ বর্ণিত ১২টি স্কিম ব্যক্তিকেন্দ্রিক বিধায় স্কিমসমূহ পরিবর্তনপূর্বক প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। পাশাপাশি, উল্লিখিত ১৪টি স্কিম ব্যতীত অবশিষ্ট ২২২টি স্কিম ৪৬১.৩০ লক্ষ (চার কোটি একষট্টি লক্ষ ত্রিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গোপালগঞ্জ।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]